# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা সংশোধিত

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

## এইচএসসি পরীক্ষা - ২০২৫ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

স্মারক নং : উমা/পরী/সাধারণ/১৩/২০২৫/২০৯২ তারিখ : ২৪/০২/২০২৫ খ্রি.

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে ২০২৫ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষার আবেদন ফরম পূরণের বিভিন্ন কার্যক্রম নিম্নোক্ত নীতিমালা মোতাবেক যথাসময়ে সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

১। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী ও নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে। কোন পরীক্ষার্থী তার রেজিস্ট্রেশন বহির্ভূত কোন বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করলে উক্ত বিষয়/ বিষয়সমূহের পরীক্ষা কোনরূপ যোগাযোগ ছাড়াই বাতিল করা হবে।

(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ কিংবা শারীরিক অসুস্থতার জন্য নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনী পরীক্ষায় অনুর্ত্তীণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক-নির্বাচনী পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরম পূরণ করতে পারবে। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেলিব্রালপলসি বা বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় উর্ত্তীণের বিষয়টি শিথিলযোগ্য।

(গ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরীক্ষার্থীদের এইচএসসি পরীক্ষায় অধিকতর সফলতার জন্য প্রতিষ্ঠানের নিজস্ব ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সংখ্যক বিষয় ভিত্তিক মডেল টেস্ট গ্রহণ করতে পারে কিন্তু এ মডেল টেস্ট কোন পরীক্ষার্থীর জন্য বাধ্যতামূলক নয় এবং এর জন্য অতিরিক্ত ফি ধার্য বা আদায় করা যাবে না।

২। পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে কুমিল্লা শিক্ষাবোর্ডের সচিবের অনুকূলে **"সোনালী পেমেন্ট গেটওয়ে"** এর মাধ্যমে পরিশোধ করে পরিশোধিত অর্থের রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

৩। **এইচএসসি পরীক্ষা ২০২৫ অনুষ্ঠানের সম্ভাব্য তারিখঃ ২৬/০৬/২০২৫ খ্রি.**

৪। **Online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable List) প্রদর্শন ও ফরম পূরণ:**

শিক্ষার্থীদের তথ্য সম্বলিত তালিকা কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট **(www.comillaboard.gov.bd)** এইচএসসি কর্ণারে ০১/০৩/২০২৫ খ্রিষ্টাব্দে প্রকাশ করা হবে। উক্ত সম্ভাব্য তালিকা হতে ০২/০৩/২০২৫ খ্রি. থেকে ১০/০৩/২০২৫ খ্রিষ্টাব্দের মধ্যে অনলাইনে নিম্নবর্ণিত প্রক্রিয়ায় ফরম পূরণ সম্পন্ন করতে হবে।

(ক) প্রতিষ্ঠানসমূহ কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইটে **(www.comillaboard.gov.bd)** এইচএসসি কর্ণারে "এইচএসসি ২০২৫ এর ফরম পূরণ" এ ক্লিক করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN ও Password দিয়ে Login করে Probable list এ যেতে হবে এবং Print করে হার্ডকপিতে লাল কালি ব্যবহার করে টিক চিহ্ন দিয়ে পরিক্ষার্থীকে Select করতে হবে।

(খ) উক্ত হার্ডকপিতে Probable list টিক চিহ্নিত পরিক্ষার্থীর তথ্য কম্পিউটারে প্রদর্শনকৃত তথ্য Probable list থেকে Select করতে হবে এবং Save বাটনে ক্লিক করতে হবে।

(গ) Temporary list Print করে ভালোভাবে যাচাই/বাছাই করে প্রয়োজন হলে Select/Unselect করা যাবে।

(ঘ) Temporary list যাচাইয়ান্তে Pay Slip এ ক্লিক করে টাকার পরিমাণ নিশ্চিত হয়ে Online Payment বাটনে ক্লিক করে সোনালী পেমেন্ট গেটওয়ে এর Account বাটন সিলেক্ট করে সোনালী ব্যাংকের হিসাব নম্বর থেকে নির্ধারিত টাকা পরিশোধ করতে হবে। পেমেন্ট সম্পন্ন হলে স্বয়ংক্রিয়ভাবে Final Candidate list এ চূড়ান্ত তালিকায় দেখা যাবে। ফাইনাল সাবমিটের প্রয়োজন নাই। উল্লেখ্য নির্ধারিত সময়ের মধ্যে বিলম্ব ফি ছাড়া ০১ (এক) বার এবং বিলম্ব ফিসহ ০১ বার ফরম পূরণ ও ফি পরিশোধ প্রক্রিয়া সম্পাদন করা যাবে।

(ঙ) Final Candidate List প্রিন্ট করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন।

(চ) যে সকল পরীক্ষার্থী বিধি মোতাবেক রেজিষ্ট্রশন নবায়ন করে Online - এ ফরম পূরণ করবে তাদের নবায়নকৃত রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপির উপরাংশে প্রিন্ট কপির ক্রমিক নাম্বার উল্লেখ করে কলেজে সংরক্ষণ করবেন।

(ছ) অন্য কলেজে রেজিস্ট্রেশনধারী যে সকল পরীক্ষার্থী Online - এ ফরম পূরণ করবে তাদের ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং ছাড়পত্র প্রদানের বিষয়ে বোর্ডের অনুমতি পত্রের সত্যায়িত ফটোকপির উপরাংশে প্রিন্টকপির ক্রমিক নাম্বার উল্লেখ করে কলেজে সংরক্ষণ করবেন।

(জ) বিলম্ব ফিসহ **১২/০৩/২০২৫ খ্রি.** থেকে **১৭/০৩/২০২৫ খ্রি.** পর্যন্ত অনলাইনে ফরম পূরণ (eFF) করা যাবে। সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে ফি জমার সর্বশেষ তারিখ **১৮/০৩/২০২৫ খ্রি.**।

চলমান পাতা - ২

৫। **ফরম পূরণ সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের সময়সূচি :**

| | কাজের বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | রেজিস্ট্রেশন এর মেয়াদ থাকা সাপেক্ষে অনিয়মিত পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ : | ২৬/০২/২০২৫ |
| (খ) | জিপিএ উন্নয়ন এবং এক/দুই বিষয়ে পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ ইচ্ছুক পরীক্ষর্থীদের সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর সাদা কাগজে আবেদনের শেষ তারিখ:<br>**নোট:** যে সকল পরীক্ষার্থী ২০২৪ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২৪ খ্রিষ্টাব্দে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীরা এ সুযোগ পাবে না। উল্লেখ্য যে, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ব্যতীত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ সকল ছাত্র/ছাত্রীর জন্য বাধ্যতামূলক। তবে যে সকল পরীক্ষার্থী ইতিমধ্যে এইচএসসি পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি বাধ্যতামূলক নয়। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত শারীরিকভাবে অক্ষম বা সেলিব্রালপলসি বা বিশেষভাবে সক্ষম শিক্ষার্থীদের ক্ষেত্রে নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য। | ২৭/০২/২০২৫ |
| (গ) | **রেজিষ্ট্রশন নবায়নের শেষ তারিখ :**<br>নোট: ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থীদের মধ্যে যারা ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয় (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং ২০২৪ খ্রিষ্টাব্দের প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা রেজিষ্ট্রশন নবায়ন করে শুধু ২০২৫ খ্রিষ্টাব্দে ঐ এক বিষয় (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। রেজিষ্ট্রশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা | ০১/০৩/২০২৫ |
| (ঘ) | নির্বাচনী পরীক্ষা শেষে ফল প্রকাশের শেষ তারিখ : | ২৭/০২/২০২৫ |
| (ঙ) | কুমিল্লা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (Probable list) প্রদর্শন | ০১/০৩/২০২৫ |
| (চ) | **বিলম্ব ফি ছাড়া অনলাইনে ফরম পূরণ :**<br>উল্লেখ্য (i) একই নামের একাধিক ছাত্র/ ছাত্রী থাকলে প্রকৃত পরীক্ষার্থী নির্বাচন করার ক্ষেত্রে রেজিস্ট্রেশন নাম্বারের ভিত্তিতে সর্বোচ্চ সতর্কতার সাথে নির্বাচন করতে হবে, যাতে প্রকৃত শিক্ষার্থীর পরিবর্তে অন্য কোন শিক্ষার্থীর নাম নির্বাচিত না হয়। অনুরূপ ভূলের জন্য যাবতীয় দায় প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।<br>(ii) নির্বাচিত পরীক্ষার্থীদের তালিকা মুদ্রণ করে প্রতিষ্ঠান প্রধান ও পরীক্ষার্থীর স্বাক্ষরসহ তালিকা সংরক্ষণ করতে হবে। | ০২/০৩/২০২৫<br>হতে<br>১০/০৩/২০২৫ |
| (ছ) | বিলম্ব ফি ছাড়া ফরম পূরণের ফি অনলাইনে জমাদানের শেষ তারিখ : | ১১/০৩/২০২৫ |
| (জ) | পরীক্ষার্থী প্রতি ১০০/- (একশত) টাকা বিলম্ব ফিসহ অনলাইনে ফরম পূরণ : | ১২/০৩/২০২৫<br>হতে<br>১৭/০৩/২০২৫ |
| (ঝ) | বিলম্ব ফি সহ ফরম ফিলাপের অর্থ **"সোনালী পেমেন্ট গেটওয়ে"** মাধ্যমে জমা দেওয়ার সর্বশেষ তারিখ : | ১৮/০৩/২০২৫ |

৬। **সোনালী ব্যাংকের সোনালী পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরিশোধিত অর্থের রশিদের কপি ও পরীক্ষার্থীদের স্বাক্ষরসহ চূড়ান্ত প্রিন্ট আউট শিক্ষা প্রতিষ্ঠান সংরক্ষণ করবেন।**

৭। (ক) যে সকল কলেজে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক পরীক্ষার্থী রয়েছে তাদের ০১ কপি তালিকা নিম্নোক্ত ছক অনুযায়ী তৈরি করে এ বিজ্ঞপ্তি প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখার রুম (নং-৩২২) এর নিকট ০১(এক) কপি জমা দিতে হবে এবং মূল কপি স্ক্যান করে (**dc.hsc@comillaboard.gov.bd**) ই-মেইল ঠিকানায় পাঠাতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না।

| ক্রমিক | বিভাগ | বিষয়ের নাম | বিষয় কোড | শিক্ষাবর্ষ | মোট পরীক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৮। **এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০২৩/২০২৪ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/ দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/ অনুপস্থিত হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ খ্রিষ্টাব্দে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষায় অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/ বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনোই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

চলমান পাতা - ৩

(খ) ২০২৪ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য/ অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২৫ খ্রিষ্টাব্দের এক বিষয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে তাদেরকে অনুচ্ছেদ ৫(গ) মোতাবেক তারিখের মধ্যে ২৫০/-(দুইশত পঞ্চাশ) টাকা হারে রেজিস্ট্রেশন নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে উচ্চমাধ্যমিক পরীক্ষা শাখা থেকে রেজিস্ট্রেশন নবায়ন করতে হবে।

(গ) যে সকল পরীক্ষার্থী ২০২৩/২০২৪ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় এক/ দুই বিষয়ে অকৃতকার্য/ অনুপস্থিত, ২০২৩/২০২৪ খ্রিষ্টাব্দে এইচএসসি পরীক্ষায় ঐ এক/ দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২৩/২০২৪ খ্রিষ্টাব্দের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৫ খ্রিষ্টাব্দের সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

৯। **২০২৫ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় ৪র্থ বিষয়ে সুবিধা সংক্রান্ত :**

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং শিম/শা: ১০/৭ পরীক্ষা ২(গ্রেডিং)/২০০২/৬১০, তারিখ : ০৪/০১/২০০৩ এর ১ (ঞ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২৫ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

১০। **রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত :**

(ক) ২০২০-২০২১ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২৫ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৯-২০২০ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে ঐ এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল অধ্যক্ষকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১১। **রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত :**

(ক) ২০২৪ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশন মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২৫ খ্রিষ্টাব্দে একাধিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০২৪ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা যে কোন কারণে তারা ২০২৪ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২৪ খ্রিষ্টাব্দের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ২৫০/ (দুইশত পঞ্চাশ টকা) নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২৫ খ্রিষ্টাব্দে এইচএসসি পরীক্ষায় অংশ্রগহণ করতে পারবে।

**বি: দ্র: আংশিক বিষয়ের পরীক্ষার্থী কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিষ্ট্রেশন নবায়ন করা যাবে না।**

১২। **জিপিএ উন্নয়ন হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়ন এর জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; যে সকল পরীক্ষার্থী ২০২৪ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ের পরীক্ষা দিয়ে ২০২৪ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

১৩। **পরীক্ষায় অংশগ্রহণের সিলেবাস ও সময় সংক্রান্ত : জাতীয় শিক্ষাক্রম পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ২০২৫ খ্রিষ্টাব্দের পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচি অনুযায়ী সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ৩ ঘন্টা ।**

১৪। **সকল প্রকার পরীক্ষার্থীর পরীক্ষার ফি এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হলো :**

| পরীক্ষার্থীর প্রকার | পরীক্ষার ফি (প্রতি পত্র/বিষয়) | ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি পত্র আদায়কৃত) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (প্রতি পরীক্ষার্থী) | সনদ ফি (প্রতি পরীক্ষার্থী) | অনিয়মিত ফি (প্রতি পরীক্ষার্থী) | অনুমতি/ তালিকাভুক্তি ফি (প্রতি পরীক্ষার্থী) | রোভার স্কাউট/ গার্লস গাইড ফি (প্রতি পরীক্ষার্থী) |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| নিয়মিত পরীক্ষার্থী প্রকার | ১১০/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | | | ২৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১১০/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | ১০০/- | | ২৫/- |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতোপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১১০/- | ২৫/- | ১০০/- | | ১০০/- | | ২৫/- |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | | ১০০/- | ২৫/- |
| প্রাইভেট পরীক্ষার্থী | ১১০/- | ২৫/- | ১০০/- | ১৫০/- | | ১০০/- | ২৫/- |

১৫। (ক) **অন্যান্য ফি এর হার (যাদের বেলায় প্রযোজ্য) :**

i) রেজিস্ট্রেশন নবায়ন ফি প্রতি পরীক্ষার্থী ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা

ii) বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত) টাকা ।

(খ) **প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার ফি :**

i) যেসব প্রাইভেট পরীক্ষার্থীর নির্বাচনী পরীক্ষা আছে (প্রতি পরীক্ষার্থী) ২০০/- (দুইশত) টাকা।

ii) যেসব প্রাইভেট পরীক্ষার্থীর (যেমন- দৃষ্টি প্রতিবন্ধী, সেলিব্রালপলসি জনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নাই এমন প্রতিবন্ধী শিক্ষক, পুলিশ, মিলিটারী) নির্বাচনী পরীক্ষা নেই তাদের ব্যবস্থাপনা ফি প্রতি পরীক্ষার্থী ১০০/- (একশত) টাকা।

১৬। **কেন্দ্র ফি সংক্রান্ত (এইচএসসি পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরিশোধ করতে হবে) :**

(ক) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় নেই) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা। কেন্দ্র ফি থেকে ট্যাগ অফিসারের সম্মানী নূন্যতম ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও অন্যান্য ব্যয় নির্বাহ করতে হবে।

(খ) এইচএসসি পরীক্ষার কেন্দ্র ফি (যাদের ব্যবহারিক বিষয় আছে) জন প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা + ব্যবহারিক প্রতি পত্রের জন্য ২৫/- (পঁচিশ) টাকা।

(গ) এইচএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহি:পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ২০/- (বিশ) টাকা ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীন পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ) টাকা এবং বহি:পরীক্ষককে উত্তরপত্র প্রতি ১০/- (দশ) টাকা হারে সম্মানী/ পারিশ্রমিক পরিশোধ করবেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার্থী প্রতি ১৩/- (তের) টাকা এবং সংশ্লিষ্ট কেন্দ্র শিক্ষার্থী প্রতি ০৭/- (সাত) টাকা পাবেন । উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না।

**বি: দ্র:** কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দিয়ে সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক, উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। পরীক্ষা কেন্দ্র/ কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ব্যয় ঘাটতি বিশেষ করে ব্যবহারিক পরীক্ষার জন্য রাসায়নিক দ্রব্যাদিসহ অন্যান্য আনুষঙ্গিক দ্রব্যাদি ক্রয়ের ব্যয় বহন করবেন, এ ক্ষেত্রে বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান প্রদান করা হবে না। বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজসরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে। অর্থাৎ পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয় কেন্দ্র ফি হতে সংকুলান করতে হবে। যে প্রতিষ্ঠানে যে বিষয়ে ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে সংশ্লিষ্ট বিষয়ের ব্যবহারিক পরীক্ষার ফি উক্ত প্রতিষ্ঠান প্রাপ্ত হবে।

**আদায়কৃত কেন্দ্র ফি (ব্যবহারিক ফি ব্যতীত) হতে প্রত্যেক কলেজ ১০% টাকা নিজস্ব ব্যয়ের জন্য রেখে অবশিষ্ট ৯০% টাকা পরীক্ষা কেন্দ্রের/ভেন্যুর ব্যয়ভার নির্বাহের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদান করতে হবে। ভেন্যু কেন্দ্রের পরীক্ষা পরিচালনার সকল প্রকার ব্যয়ভার মুল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা বহন করবেন। নিজ কলেজে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে পরীক্ষার্থী ও বিষয়ের সংখ্যা অনুপাতে মুল কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা উক্ত কলেজকে নির্ধারিত ব্যবহারিক ফি প্রদান করবেন।**

১৭। **নিয়মিত শিক্ষার্থী প্রতি ফরম পূরণ ফি নিম্নলিখিত হারে নির্ধারণ করা হয়েছে :**

| ক্রমিক নং | বিবরণ | বিজ্ঞান শাখা (৪র্থ বিষয়সহ) | মানবিক শাখা (৪র্থ বিষয়সহ) | ব্যবসায় শিক্ষা শাখা (৪র্থ বিষয়সহ) |
|---|---|---|---|---|
| ১ | বোর্ড ফি | ১৯৩০.০০ | ১৭৩০.০০ | ১৭৩০.০০ |
| ২ | কেন্দ্র ফি (ব্যবহারিক ফি সহ) | ৮৫৫.০০ | ৪৯৫.০০ | ৪৯৫.০০ |
| | **সর্বমোট =** | **২৭৮৫.০০** | **২২২৫.০০** | **২২২৫.০০** |

**বিশেষ দ্রষ্টব্য : মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় কোন পরীক্ষার্থীর ৪র্থ বিষয়ে ব্যবহারিক পরীক্ষা বর্ণিত ফি এর সাথে অতিরিক্ত ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা কোন পরীক্ষার্থীর নৈর্বাচনিক বিষয়ে ব্যবহারিক পরীক্ষা থাকলে বিষয় প্রতি আরো ১৪০.০০ (একশত চল্লিশ) টাকা যোগ হবে।**

১৮। **পরীক্ষার ফি এবং ফরম বোর্ডে জমা দেয়ার নিয়মাবলী সংক্রান্ত :**

(ক) পরীক্ষার যাবতীয় ফি বোর্ড সচিবের অনুকূলে কেবল সোনালী ব্যাংকের যেকোন শাখা হতে **"সোনালী পেমেন্ট গেটওয়ের"** মাধ্যমে জমা দিতে হবে।

(খ) কোনক্রমেই নগদ টাকা, পেঅর্ডার, পোস্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারি চালান ইত্যাদিতে বোর্ডের ফি গ্রহণ করা হবে না।

(গ) কোন অবস্থাতেই নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না। এ সংক্রান্ত কোন তথ্য দৃষ্টিগোচর হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ফরম পূরণ প্যানেল বন্ধ করাসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**বি: দ্র: শিক্ষা প্রতিষ্ঠানসমূহ আগষ্ট/২০২৫ পর্যন্ত শিক্ষার্থীদের নিকট থেকে টিউশন ফি আদায় করতে পারবে।**

চলমান পাতা - ৫

১৯। **২০২৫ খ্রিষ্টাব্দের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার ফল প্রকাশ পদ্ধতি সংক্রান্ত :**
**সকল প্রকার পরীক্ষার্থীর ফল নিম্নোক্ত গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।**

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| A+ | 80-100 | 5.00 |
| A | 70-79 | 4.00 |
| A- | 60-69 | 3.50 |
| B | 50-59 | 3.00 |
| C | 40-49 | 2.00 |
| D | 33-39 | 1.00 |
| F | 00-32 | 0.00 |

২০। **অন্যান্য বিষয় সংক্রান্ত :**

(ক) অবৈধ রেজিস্ট্রেশন, বোর্ডের অনুমতি ছাড়া অবৈধভাবে কলেজ অভিযুক্ত হওয়ার কারণে কোন ছাত্র/ছাত্রী পরীক্ষার্থী হলে, সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। এ ছাড়াও অন্য কোন ধরনের অবৈধ শিক্ষার্থীকে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার অনুমতি দিলে সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

(খ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত ২০২৫ খ্রিষ্টাব্দের এইচএসসি পরীক্ষা সংক্রান্ত নিয়মাবলী সঠিকভাবে অনুসরণ করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য সকল কলেজের অধ্যক্ষ এবং সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২১। **শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকগণের জন্য বিশেষ নির্দেশাবলী :**

(ক) বোর্ডের অনুমোদিত কলেজে কর্মরত শিক্ষকগণের তথ্যাবলী বোর্ডের ওয়েবসাইটে দেয়া eTIF এর নির্ধারিত ছকে অনলাইনে প্রয়োজনীয় সংশোধন এবং যারা এখনও অন্তর্ভুক্ত হননি তাদেরকে আগামী ২৬/০৩/২০২৫ খ্রিষ্টাব্দের মধ্যে অন্তর্ভুক্ত/সংশোধন করতে হবে। প্রতিষ্ঠানে কর্মরত সকল শিক্ষকের তথ্য eTIF শেষে হার্ড কপিতে সংশ্লিষ্ট শিক্ষকের স্বাক্ষর নিয়ে এক কপি প্রতিষ্ঠানে সংরক্ষণ করবেন। উচ্চমাধ্যমিক পরীক্ষায় eTIF এর বাহিরে প্রশ্ন সেটার ও প্রশ্ন মডারেটর, পরীক্ষক, প্রধান পরীক্ষক, পুন:নিরীক্ষক হিসেবে নিয়োগ দেওয়া সম্ভব হয় না। প্রত্যেকটি শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব EIIN নাম্বার ও eSIF এর password ব্যবহার করে কাজটি সম্পন্ন করবেন। **বিশেষায়িত প্রতিষ্ঠানের শিক্ষকগণ ব্যতীত নন এমপিও শিক্ষকদের eTIF পূরণ না করার জন্য অনুরোধ করা হলো।**

(খ) কুমিল্লা শিক্ষাবোর্ডের পরীক্ষা সংক্রান্ত পারিশ্রমিকের বিল সোনালী ব্যাংক লিমিটেডের অনলাইনের ব্যাংকিং এর মাধ্যমে প্রদানের লক্ষ্যে eTIF এ তথ্য প্রদানের সময় **বিষয় কোড, পদবী, চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, সচল সোনালী ব্যাংক হিসাব নং (১৩ সংখ্যা) ও সচল মোবাইল নম্বর** নির্ভুলভাবে প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বর্ণিত তথ্যাবলী যথাসময়ে অনলাইনে প্রেরণ না করলে, ভুল ও অসম্পূর্ণ তথ্য প্রদান করলে সেটার/মডারেটর/পরীক্ষক/প্রধান পরীক্ষক ও পুন: নিরীক্ষকের পারিশ্রমিক/সম্মানী প্রদান সংক্রান্ত কোন প্রকার জটিলতার জন্য বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(গ) **শিক্ষা মন্ত্রনালয়ের স্মারক নং শাঃ ১০/বোর্ড বিবিধ-১/২০০৩ (অংশ)/০৯. তারিখঃ ০৫/০১/২০১০ খ্রি. এর আদেশ মোতাবেক পাবলিক পরীক্ষায় কোন শিক্ষককে প্রশ্ন প্রণয়ণ/প্রশ্ন পরিশোধন/প্রধান পরীক্ষক/পরীক্ষক/পুনঃ নিরীক্ষক হিসেবে নিয়োগ দেয়া হলে তা অবশ্যই যথাযথভাবে পালন করতে হবে।** নিয়োগপত্র/মোবাইলে মেসেজ দেয়ার পর যদি কোন শিক্ষক শারীরিক অসুস্থতার কারণে দায়িত্বে পালনে অপারগ হন, সেক্ষেত্রে নির্ধারিত তারিখের পূর্বেই অধ্যক্ষের মাধ্যমে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করতে হবে।

(ঘ) প্রত্যেক প্রতিষ্ঠান eTIF এর নির্ধারিত ছকে অনলাইনে বিষয়ভিত্তিক শিক্ষকগণের তালিকা প্রেরণের পর ০১ (এক) কপি কুমিল্লা শিক্ষাবোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (উচ্চমাধ্যমিক) এর ই-মেইল **(dc.hsc@comillaboard.gov.bd)** প্রেরণ করতে হবে।

(ঙ) **প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান নিজস্ব প্যাডে সচল E-mail Address, EIIN, অধ্যক্ষের মোবাইল (বোর্ড কর্তৃক সরবরাহকৃত EIIN ভিত্তিক) নম্বর দিতে হবে এবং সার্বক্ষণিক সচল রাখতে হবে।**

**অধ্যক্ষগণকে উল্লেখিত (ক-গ) এ বর্ণিত বিষয়সমূহ তাঁর কলেজের সকল শিক্ষককে লিখিতভাবে অবহিত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।**

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর রুনা নাছরীন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
Email : Controller@comillaboard.gov.bd
ফোন ঃ ০২৩৩৪৪০৬১৭২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
৩. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৫. জেলা প্রশাসক, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
৬. পুলিশ সুপার, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল জেলা
৭. উপজেলা নির্বাহী কর্মকর্তা, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন সকল উপজেলা
৮. অধ্যক্ষ, কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
৯. সকল কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
১০. ম্যানেজার, সোনালী ব্যাংক পিএলসি, বিআইএসই শাখা, কুমিল্লা
১১. কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট
১২. সংশ্লিষ্ট নথি।

(সালাহ্‌উদ্দিন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন ঃ ০২৩৩৪৪০৬৪৩৭